**রাম-কৃষ্ণ বিবেকানন্দ মিশন বিদ্যা-ভবন**

**(বাংলা মাধ্যম)**

**বার্ষিক পরীক্ষা**

**শ্রেণি-নবম**

**সময়-2 ঘণ্টা 30 মিনিট　　　বিষয়- ভূগোল　　　পূর্ণ মান- 90**

**বিভাগ- 'ক'**

**1.নিম্নলিখিত বিবৃতি গুলি থেকে সঠিক উত্তরটি নির্বাচন করো-　　　1x14=14**

**1.1.পৃথিবীর নিরক্ষীয় অঞ্চল হল মেরু অঞ্চল অপেক্ষা- অর্ধ সমতল/ স্ফীত/কৌণিক/সমতল।**

**1.2.সৌরজগতের দ্বিতীয় বৃহত্তম গ্রহ হল- পৃথিবী /বৃহস্পতি/শনি /নে-পচুন।**

**1.3.পৃথিবী সূর্যের চারিদিকে প্রদক্ষিণ করে এ কথা প্রমাণ করেন - গ্যালিলিও/অ্যারিস্টোটল/টলেমি/আইনস্টাইন।**

**1.4.'নিশীথ সূর্যের'দেশ বলা হয়-নরওয়ে/সুইডেন/হল্যান্ড/জাপান।**

**1.5.একই অক্ষাংশে যুক্ত স্থান গুলি যে কাল্পনিক রেখা দ্বারা যুক্ত সেটি-অক্ষরেখা/ দ্রাঘিমারেখা/মহা-বৃত্ত/আন্তর্জাতিক তারিখ রেখা- নামে পরিচিত।**

**1.6.কোন একটি স্থান ও তার প্রতিপাদ স্থানের মধ্যে সময়ের পার্থক্য হল-6 ঘন্টা/12 ঘণ্টা/24 ঘণ্টা/10 ঘন্টা।**

**1.7.তিব্বত মালভূমি হল একটি- ব্যবচ্ছিন্ন /লাভা গঠিত/মহাদেশীয়/পর্বত বেষ্টিত মালভূমি।**

**1.8.সমপ্রায় ভূমিতে অবস্থিত বিচ্ছিন্ন পাহাড়গুলি - ডেল্টা/লোয়েস/পেডিমেন্ট/মোনাডনক নামে পরিচিত।**

**1.9.মৃত্তিকা সৃষ্টির প্রথম পর্যায়ে -রেগোলিথ/ বক্সাইট /চারনোজেম /পড সল উৎপাদিত হয়।**

**1.10.অবক্ষয়িত শিলা সমূহের পরিবহন- ক্ষয় সাধন/ আবহবিকার/ নগ্নিভবন/বিভাজন নামে পরিচিত।**

**1.11.2003/2004/2006/2008- সালে ইন্দোনেশিয়া ভারত শ্রীলংকা তে সুনামির কারণে প্রায় 3 লক্ষ মানুষের জীবন হানি ঘটে।**

**1.12.রিও ডি জেনেরোতে বসুন্ধরা সম্মেলন অনুষ্ঠিত হয় - 1990/1992/1994/2014 সালে।**

**1.13.মৌসুমী বায়ু /বায়ুর উষ্ণতা/বায়ু/বায়ুর চাপ -পশ্চিমবঙ্গের জলবায়ুকে নিয়ন্ত্রণ করে।**

**1.14.পশ্চিমবঙ্গের একটি সামরিক ঘাঁটির উদাহরণ হল-ব্যারাকপুর/ শান্তিনিকেতন/খড়গপুর/দার্জিলিং।**

**বিভাগ-'খ'**

**2.শূন্যস্থান পূরণ করো-　　　1x10=10**

2.1.গ্রিক দার্শনিক _______________সর্বপ্রথম পৃথিবীর গোলাকার আকৃতি নির্ধারণ করেন।
2.2._______________সর্বপ্রথম পৃথিবীর পরিধি নির্ণয় করেন।
2.3.নিরক্ষীয় অঞ্চলে পৃথিবীর আবর্তনের গতিবেগ হল _______________কিমি/ঘন্টা।
2.4._______________ অবস্থানে পৃথিবী ও সূর্যের মধ্যে দূরত্ব সর্বাধিক হয়।
2.5._______________যুগে হিমালয় পর্বতের উৎপত্তি হয়েছিল।
2.6.ভারতের সর্বোচ্চ মালভূমি হল
______________।
2.7._______________লোহায় মরিচা ধরাতে সহায়তা করে।
2.8.আবহবিকারের সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ ফলাফল হল _______________এর উৎপত্তি।
2.9._______________এর সহায়তায় পৃথিবী বা পৃথিবীর কোন অংশের প্রতিরূপ যথাযথভাবে বর্ণনা করা সম্ভব।
2.10.সুন্দরবনে_______________মৃত্তিকা দেখা যায়।

## বিভাগ-'গ'

3.'সত্য' বা 'মিথ্যা' নির্বাচন করো- 1x10=10

3.1.উত্তর গোলার্ধে ডিসেম্বর মাসে দিবাভাগের পরিমাণ সর্বাধিক হয়।
3.2.অরোরা শুধুমাত্র মেরু অঞ্চলে দেখা যায়।
3.3.দিল্লির স্থানীয় সময় ভারতের প্রমাণ সময় হিসেবে পরিচিত।
3.4.ইউরোপের আল্পস একটি প্রাচীন ভঙ্গিল পর্বতের উদাহরণ।
3.5.কার্বনিক অ্যাসিড অক্সিডেশন এ সহায়তা করে।
3.6.রাসায়নিক আবহবিকার আদ্র জলবায়ু অঞ্চলে সক্রিয়।
3.7.সমস্ত প্রাকৃতিক বিপর্যয়ই প্রাকৃতিক দুর্যোগের অন্তর্গত।
3.8.কোন একটি বস্তুর কার্যকারিতাই হল সম্পদ।
3.9.ফালুট সিঙ্গালিলা পর্বত শ্রেনীর সর্বোচ্চ শৃঙ্গ।
3.10.বোলপুর টেরাকোটার জন্য প্রসিদ্ধ।

4.একটি বাক্যে উত্তর দাও(যেকোনো দশটি )- 1x10=10

4.1.পৃথিবীর আনুমানিক বয়স কত?
4.2.পৃথিবীর আবর্তন গতির প্রভাবে যেকোনো সচল বস্তু স্থানান্তরের সময় দিক পরিবর্তন করে এটিকে প্রথম ব্যক্ত করেন?
4.3.প্রতিটি অক্ষ রেখার কোণের সমষ্টি কত?
4.4.দ্রাঘিমা রেখার সর্বোচ্চ মান কত?
4.5.ভারতের একটি আগ্নেয়গিরির নাম লেখ।
4.6.মরু অঞ্চলে কি ধরনের আবহবিকারের প্রাধান্য দেখা যায়?
4.7.মানচিত্রে বৃহৎ অঞ্চল প্রদর্শনের জন্য কোন স্কেল ব্যবহার করা হয়?

- পরবর্তী পৃষ্ঠা -

4.8.শুশুনিয়া পাহাড় কোন জেলায় অবস্থিত?
4.9.ম্যাপ শব্দটির উৎপত্তি কোন শব্দ থেকে?
4.10.পশ্চিমবঙ্গের কোন নদীকে 'দুঃখের নদী' বলা হয়?
5.নিম্নলিখিত সারির মধ্যে মিল খুঁজে বের করো - 1x6=6

| বিভাগ ক | বিভাগ খ |
|---|---|
| 5.1.পামির | a.চুনাপাথরের গুহা। |
| 5.2.পেডিমেন্ট | b.ক্লাউড বার্স্ট । |
| 5.3কার্বনেশন | c.আর্দ্রতা যুক্ত অঞ্চলের খনিজ বিশেষ। |
| 5.4.বক্সাইট | d.পর্বতের পাদদেশীয় ঢাল যুক্ত সমভূমি। |
| 5.5.উত্তরাখণ্ড | e.অযোধ্যা। |
| 5.6.গোর্গাবুরু | f.পৃথিবীর উচ্চতম মালভূমি। |

বিভাগ-'গ' 2x5=10

6.নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও(যেকোনো পাঁচটি)-
6.1.ছায়াপথ কি?
6.2.সূর্যের আপাত দৈনিক গতি বলতে কী বোঝো?
6.3.আন্তর্জাতিক তারিখ রেখা কি?
6.4.উদাহরণ সহযোগে স্তূপ পর্বত এর দুটি বৈশিষ্ট্য লেখ।
6.5.পেডিমেন্ট কি?
6.6. দাবানল বলতে কী বোঝো?
6.7.কালবৈশাখী কি?

বিভাগ-'ঘ'

7.নিম্নলিখিত রচনাধর্মী প্রশ্নগুলির উত্তর লেখ-
প্রতিটি বিভাগ থেকে যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও।

(প্রাকৃতিক বিভাগ) 5x2=10

7.1.সমভূমি শ্রেণী বিভাগ করো। ও তাদের সৃষ্টির কারনগুলি বর্ণনা করো।
7.2.উপযুক্ত চিত্র সহযোগে যান্ত্রিক আবহবিকারের প্রক্রিয়া গুলি বর্ণনা করো।
7.3.28 শে ফেব্রুয়ারি 1992 দিল্লিতে(77°15'পূর্ব) যখন সময় রাত্রি 9টা,তখন টোকিওর (139°45'পূর্ব) স্থানীয় সময় কত?

(আঞ্চলিক বিভাগ) 5x2=10

7.4.পশ্চিমবঙ্গের পশ্চিমের মালভূমি অঞ্চলের বিবরণ দাও।
7.5.সম্পদের বৈশিষ্ট্য গুলি বর্ণনা করো।

7.6.মানচিত্র ব্যবহারের প্রয়োজনীয়তা এবং গুরুত্ব বর্ণনা করো।


## বিভাগ-'ঙ'

8.প্রদত্ত পশ্চিমবঙ্গের মানচিত্রে নিম্নলিখিত স্থানগুলি উপযুক্ত প্রতীকসহ চিহ্নিত করো।

1x10=10

8.1.মালদহ জেলার সদর দপ্তর।
8.2.জলপাইগুড়ি বিভাগ।
8.3.সান্দাকাফু পাহাড়।
8.4.পশ্চিম বঙ্গের ডুয়ার্স বা তরাই সমভূমি।
8.5.শিলাই নদী।
8.6.বক্রেশ্বর।
8.7.পশ্চিম বঙ্গের একটি খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পাঞ্চল।
8.8.অযোধ্যা পাহাড়।
8.9.পশ্চিমবঙ্গের একটি গুরুত্বপূর্ণ বন্দর।
8.10.দক্ষিণবঙ্গের একটি পর্যটন কেন্দ্র।

- পরবর্তী পৃষ্ঠা -




- পরবর্তী পৃষ্ঠা